

MODEL QUESTION

Class - XI : BENGALI : Annual Exam. : 2022-23 : Marks - 80

I. সঠিক উত্তরটি লেখো :-

1x12=12

- ১। 'প্রার্থনা' কবিতায় জ্ঞান হল -
(অ) মুক্ত (আ) বুদ্ধ
(ই) সংকীর্ণ (ঈ) কোনোটিই নয়
- ২। "তুমি সর্ব কর্ম চিন্তা আনন্দের নেতা," - 'তুমি' বলতে বোঝানো হয়েছে -
(অ) রাষ্ট্রনেতা (আ) বিশ্বশ্রষ্টা
(ই) সমাজসেবী (ঈ) কোনোটিই নয়
- ৩। "বসুধারে রাখে নাই খন্ড ক্ষুদ্র করি," - 'বসুধা' শব্দের অর্থ -
(অ) সূর্য (আ) পৃথিবী
(ই) বায়ু (ঈ) জল
- ৪। 'মধ্যাহ্ন' কবিতাটি যে কাব্যগ্রন্থের অন্তর্গত, তা হল -
(অ) অভয়ামঙ্গল (আ) নৈবেদ্য
(ই) কণিকা (ঈ) চতুর্দশদী কবিতাবলী
- ৫। ঠাকুর বাড়ির সাহায্যে যে মেলাটি সংগঠিত হয়েছিল, তার নাম -
(অ) ব্রহ্মমেলা (আ) হিন্দুমেলা
(ই) বৈশাখী মেলা (ঈ) চৈত্রমেলা
- ৬। 'মধ্যাহ্ন' কবিতায় নৃত্যরত পাখিটি হল -
(অ) কাক (আ) চিল
(ই) খঙ্কনা (ঈ) দোয়েল
- ৭। জ্যোতিদাদা দলবল নিয়ে শিকারে যেতেন -
(অ) শুক্রেবারে (আ) শনিবারে
(ই) রবিবারে (ঈ) সোমবারে
- ৮। 'ভারতবর্ষ' গল্পটির রচয়িতা হলেন -
(অ) মুজতবা আলি (আ) এস. ওয়াজেদ আলি
(ই) আমজাদ আলি (ঈ) আল ফারাবি
- ৯। কপি সেনার সাহায্যে সমুদ্রের উপর সেতু বেঁধে লঙ্কাদ্বীপে পৌঁছেছিলেন -
(অ) সুগ্রীব (আ) রামচন্দ্র
(ই) রাবণ (ঈ) হনুমান
- ১০। 'মধ্যাহ্ন' কবিতায় 'দুলি দুলি' ভাসে -
(অ) ক্ষুদ্র তরি (আ) ছোটো জাহাজ
(ই) ছোটো লঞ্চ (ঈ) আবর্জনা
- ১১। মঙ্গল কাব্যের প্রাচীনতম ধারা হল -
(অ) মনসামঙ্গল (আ) চন্দ্রীমঙ্গল
(ই) ধর্মমঙ্গল (ঈ) অন্নপূর্ণামঙ্গল

[Contd...P/2]

১২। শাক্ত পদাবলীর প্রথম রচয়িতা হলেন –

(অ) কমলাকান্ত

(আ) রামপ্রসাদ সেন

(ই) গদাধর সেন

(ঈ) কাশীরাম দাস

II. এক একটি পূর্ণাঙ্গ বাক্যে নীচের প্রতিটি প্রশ্নের উত্তর দাও :-

1x18=18

১৩। বাক্য কোথা থেকে উচ্ছসিয়া ওঠে ?

১৪। “ভারতেসে সেই স্বর্গে করো জাগরিত” – কোন্ স্বর্গের কথা বলা হয়েছে ?

১৫। ‘প্রার্থনা’ কবিতায় ‘মরুবালুরাশি’ কিসের উপমা হিসেবে ব্যবহৃত হয়েছে ?

১৬। ‘মধ্যাহ্ন’ কবিতায় কোন্ ঋতুর উল্লেখ আছে ?

১৭। ‘মধ্যাহ্ন’ কবিতায় ব্যবহৃত সূর্যের একটি প্রতিশব্দ লেখো।

১৮। হিন্দুমেলায় কর্মকর্তা কে ছিলেন ?

১৯। শিকারী দলের জন্য খাবার কে প্রস্তুত করে দিতেন ?

২০। রবীন্দ্রনাথ কার আমলে একটি গদ্য প্রবন্ধ লিখেছিলেন ?

২১। লেখক কত বছর বয়সে প্রথম কলকাতায় এসেছিলেন ?

২২। বৃন্দ কোন্ বইটি পাঠ করছিলেন ?

২৩। ‘Tradition’ কথাটির অর্থ কী ?

২৪। “আমি কিন্তু স্তম্ভিত হয়ে গেলুম” – লেখক কী দেখে স্তম্ভিত হয়ে গেলেন ?

২৫। আরাকান রাজের ভাই এর নাম কী ছিল ?

২৬। “যুবরাজের দূত যেন ফিরে যেতে না পারে,” – কে কাকে একথা বলেছিল ?

২৭। মহাকবি বাস্কীকি রচিত রামায়ণের বাংলায় ভাবানুবাদ কে করেন ?

২৮। ‘চন্দ্রীমঙ্গল’ কাব্যের আদি কবি কে ?

২৯। ‘পূর্ণিমা চাঁদ যেন বলসানো বুটি’ – অংশটি কোন্ অলংকারের দৃষ্টান্ত ?

৩০। রূপক অলংকারের একটি উদাহরণ লেখো।

III. নীচের প্রশ্নগুলোর উত্তর দাও (২০টি শব্দের মধ্যে) :-

2x5=10

৩১। “বসুধারে রাখে নাই খন্ড ক্ষুদ্র করি”

পঙ্ক্তিটি কোন কবিতার অন্তর্গত ? কে বসুধাকে খন্ড ক্ষুদ্র করে রাখেনি ?

৩২। ‘মধ্যাহ্ন’ কবিতার কবি কে ? এই কবিতায় কোন কোন পাখির উল্লেখ আছে ?

৩৩। “ওরে ইতিমধ্যে মামা কি বাগানে আসিয়াছিলেন ?”

কে, কাকে কথাটি বলেছেন ? কোন্দিন এরূপ বলেছিলেন ?

৩৪। “আমি কিন্তু স্তম্ভিত হয়ে গেলুম ভিতরকার দৃশ্য দেখে।”

কে স্তম্ভিত হয়ে গিয়েছিলেন ? ভিতরকার দৃশ্যটি কী ছিল ?

৩৫। ‘শ্রীশ্রী চৈতন্যচরিতামৃত’ কে রচনা করেন ? গ্রন্থটি কয়টি খন্ডে বিভক্ত ও কী কী ?

IV. নীচের প্রশ্নগুলোর উত্তর দাও (৮০টি শব্দের মধ্যে) :-

4x6=24

৩৬। “চিত্ত যেথা ভয়শূন্য, উচ্চ যেথা শির”

কবি ‘যেথা’ বলতে কোন্ স্থানকে বুঝিয়েছেন ? ‘চিত্ত’ ও ‘শির’ প্রসঙ্গ কেন ব্যবহৃত হয়েছে ?

- ৩৭। “সে পত্র লেখকের নিকট তখনই ফিরিয়া আসিয়াছিল।”
কোন পত্রের কথা বলা হয়েছে ? পত্রটি লেখকের নিকট ফিরে আসার কারণ কী ?
- ৩৮। বাংলা রামায়ণের আদি কবি কে ? তাঁর জনপ্রিয়তার কারণ লেখো।

অথবা

- শাক্ত পদাবলি বলতে কী বোঝ ? এই পদাবলী রচনায় রামপ্রসাদ সেনের কৃতিত্ব আলোচনা করো।
- ৩৯। “এই দীর্ঘ সময়ের মধ্যে এরা কি আর বাড়েনি,”
‘এরা’ কারা ? কে কাকে একথা বলেছেন ? কেন এরূপ বলেছেন ?
- ৪০। উদাহরণ ও বিশ্লেষণ সহযোগে ‘উপমা’ অলংকারের সংজ্ঞা দাও ?

অথবা

- অর্থালংকারের সংজ্ঞা দাও। অর্থালংকার কত প্রকার ও কী কী ?
- ৪১। প্রদত্ত সংকেত অনুসারে গল্প রচনা করো :
এক রাখাল — জঙ্গলে মেঘ চরাতে গিয়ে ‘বাঘ এসেছে’ বলে প্রায়ই মিথ্যা চিৎকার করত — লোক এলে মুচকি হাসত — একদিন সত্যি সত্যিই বাঘ এল — সেদিন কেউ এল না।

V. নীচের প্রশ্নগুলোর উত্তর দাও (১২০ শব্দের মধ্যে) :- 5x2=10

- ৪২। “ইন্দ্রকুমারের অহংকার ধুলোয় না লুটিয়ে দিয়ে আমি ফিরবনা।”
এখানে ‘আমি’ কে ? বস্তু কিভাবে ইন্দ্রকুমারকে শায়স্তা করতে চেয়েছিলেন, তা লেখো।

অথবা

- “আমি পরাজিত — এ মুকুট আমার নয়। আমি তোমাকেই পরিয়ে দিলাম।”
অংশটি কার লেখা কোন রচনার অংশ ? আমি কে ? কোন ঘটনার পরিপ্রেক্ষিতে বস্তু এরূপ বলেছেন ?
- ৪৩। সৈয়দ আলাওলের বিখ্যাত অনুবাদ কাব্য কোনটি ? তাঁর কবি কৃতিত্বের পরিচয় দাও।

অথবা

কবি কৃষ্ণদাস কবিরাজের বিখ্যাত গ্রন্থ কোনটি ? এই গ্রন্থটি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

VI. নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও (৬০টি শব্দের মধ্যে) :- 3x2=6

- ৪৪। একটি রক্তদান শিবিরের বর্ণনা দিয়ে বস্তুকে পত্র লেখো।
- ৪৫। বিজ্ঞপ্তি লেখো : প্লাস্টিক ও বর্তমান জীবন।

MODEL QUESTION

Class - XI : BENGALI : Half-Yearly Exam. : 2022-23 : Marks - 80

I. সঠিক উত্তরটি নির্বাচন করো :-

1x10=10

- ১। ফুল্লরার বারমাস্যা কবিতাটি যে কাব্যগ্রন্থের অন্তর্গত, তা হল –
(অ) মনসামঞ্জল (আ) চন্ডীমঞ্জল
(ই) ধর্মমঞ্জল (ঈ) অনন্দামঞ্জল
- ২। মধুমাস বলতে বোঝায় –
(অ) শ্রাবণ মাস (আ) অগ্রহায়ণ মাস
(ই) চৈত্র মাস (ঈ) ভাদ্র মাস
- ৩। “মাতৃভাষা রূপে খনি” - এখানে মাতৃভাষা হল –
(অ) বাংলা ভাষা (আ) ইংরেজী ভাষা
(ই) সংস্কৃত ভাষা (ঈ) উর্দু ভাষা
- ৪। ‘বঙ্গভাষা’ কবিতাটির উৎসগ্রন্থ হল –
(অ) মেঘনাদবধ কাব্য (আ) ব্রজাঙ্গনা কাব্য
(ই) বীরাঙ্গনা কাব্য (ঈ) চতুর্দশপদী কবিতাবলী
- ৫। কোকিল প্রতিপালিত হয় –
(অ) নিজের চেষ্টায় (আ) কাকের দ্বারা
(ই) চিলের দ্বারা (ঈ) পরান্নে
- ৬। কমলাকান্তের পুঁজিপাটা হল –
(অ) যুক্তিতর্ক (আ) মধুর গলা
(ই) আফিঙের ডেলা (ঈ) বাস্তব বুদ্ধি
- ৭। আদিরস পঞ্চমে ধরে জিতে গেলেন –
(অ) ভারতচন্দ্র (আ) চন্ডীদাস
(ই) কবিকঙ্কণ (ঈ) জ্ঞানদাস
- ৮। স্বরগ্রামের তৃতীয় স্বর হল –
(অ) ধৈবত (আ) গান্ধার
(ই) নিষাদ (ঈ) ঋষভ স্বর
- ৯। বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন হল –
(অ) চর্যাপদ (আ) বৈষ্ণব পদাবলী
(ই) রামায়ণ (ঈ) মহাভারত
- ১০। শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের খন্ড সংখ্যা হল –
(অ) ১১টি (আ) ১২টি
(ই) ১৩টি (ঈ) ১৪টি

II. এক একটি পূর্ণাঙ্গ বাক্যে নীচের প্রতিটি প্রশ্নের উত্তর দাও :-

1x20=20

- ১১। কোন্ মাসে দূরন্ত বাদল হয় ?
- ১২। শীতের সময় ফুল্লরা কী গায়ে দেয় ?
- ১৩। 'কিরাতপাড়াতে বসি না মেলে উধার' - কিরাত শব্দের অর্থ কী ?
- ১৪। 'যা ফিরি, অজ্ঞান তুই', -কাকে অজ্ঞান বলা হয়েছে ?
- ১৫। 'পর-ধন-লোভে মত্ত', - এখানে 'পরধন' কী ?
- ১৬। 'অবরণ্যে বরি' - 'অবরণ্যে' এর মানে কী ?
- ১৭। কমলাকান্ত কোকিলের কী ভালোবাসেন ?
- ১৮। নসীবাবুর খাজনা কোথা থেকে আসে ?
- ১৯। কোন্ দুটি পঞ্চম মিষ্ট ?
- ২০। আদিরস পঞ্চমে ধরে কে জিতে গিয়েছিলেন ?
- ২১। 'বসন্তের কোকিল' রচনাটি কোন্ মূল গ্রন্থের অন্তর্গত ?
- ২২। কোন্দিন নসীবাবুর বাড়িতে একটি লোকেরও দেখা মেলেনি ?
- ২৩। শিবনাথের ছেলের নাম কী ?
- ২৪। টুনির স্বশুরের নাম কী ?
- ২৫। ইশা খাঁ কে ছিলেন ?
- ২৬। ত্রিপুরার মহারাজের নাম কী ছিল ?
- ২৭। 'চর্যাপদ' কোন্ ভাষায় রচিত ?
- ২৮। 'মৈথিলি কোকিল' কাকে বলা হয় ?
- ২৯। 'কাক কালো কোকিল কালো কালো কন্যার কেশ' - অংশটি কোন্ অলংকারের দৃষ্টান্ত ?
- ৩০। 'অলম্' শব্দের অর্থ কী ?

III. নীচের প্রশ্নগুলোর উত্তর দাও (২০টি শব্দের মধ্যে) :-

2x5=10

- ৩১। "মাস মধ্যে মাইশর অপনি ভগবান।"
কে কাকে কথাটি শুনিয়েছে ? কোন্ মাসকে মাইশর বলা হয়েছে ?
- ৩২। "হে বজা ! ভাভারে তব বিবিধ রতন,"
কে একথা বলেছেন ? বিবিধ রতন কী ?
- ৩৩। "তখন মানুষ-কোকিলে তাঁহার গৃহকুঞ্জ পুরিয়া যায় -"
'তখন' বলতে কোন্ সময়ের কথা বলা হয়েছে ? মানুষ-কোকিল কারা ?
- ৩৪। "এখন আয়, পাখি! তোতে আমাতে একবার পঞ্চম গাই।"
কোন্ পাখির কথা বলা হয়েছে ? 'আমাতে' বলতে কাকে বোঝানো হয়েছে ?
- ৩৫। চর্যাপদের পুঁথি কে, কখন, কোথা থেকে আবিষ্কার করেন ?

IV. নীচের প্রশ্নগুলোর উত্তর দাও (৮০টি শব্দের মধ্যে) :-

4x6=24

- ৩৬। 'ফুল্লরার বারমাস্য' কবিতায় ফুল্লরার চরিত্রের যে পরিচয় পাওয়া যায়, তা নিজের ভাষায় লেখো।
- ৩৭। "আবার 'কু—উঃ' বলিয়া ডাকিয়া মনের জ্বালা নিবাইত।"

(অ) কে কাকে একথা বলেছেন ? (আ) কীভাবে মনের জ্বালা মেটাতে বলেছেন ?

অথবা

“কেননা, তুমি সৌন্দর্যশূন্য, পরান্নপ্রতিপালিত।”

(অ) কে এই উক্তি করেছেন ? (আ) কাকে ‘সৌন্দর্যশূন্য’ বলা হয়েছে ? (ই) কেন এরূপ বলা হয়েছে ?

৩৮। “মানুষ হয়েছে ছেলে। আশাতীত হয়েছে।”

ভাবনাটি কার ? আশাতীত মানুষ হওয়ার মধ্যে কী ইজিত করা হয়েছে ?

৩৯। চর্যাপদে প্রতিফলিত তৎকালীন সমাজচিত্র সংক্ষেপে আলোচনা করো।

অথবা

‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্য কে, কোথা থেকে আবিষ্কার করেন ? কাব্যটির সাহিত্যমূল্য সংক্ষেপে আলোচনা করো।

৪০। অলংকার কাকে বলে ? অলংকার কত প্রকার ও কি কি ?

অথবা

উদাহরণ ও বিশ্লেষণ সহযোগে ‘অনুপ্রাস’ অলংকারের সংজ্ঞা দাও।

৪১। প্রদত্ত সংকেত অনুসারে গল্প রচনা করো :

এক কাঠুরিয়া বনে কাঠ কাটছিল — হঠাৎ তার কুড়ুল ফসকে জলে পড়ে গেল — কাঠুরিয়ার বিলাপ — জলদেবতার আবির্ভাব ও তিনটি কুঠার প্রদর্শন — সততার প্রমাণ পেয়ে তিনটিই দান — ধূর্ত এক কাঠুরিয়া এই কাহিনী শূনে জলদেবতার সাথে ছলনা — শাস্তি পেল।

V. নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও (১২০ শব্দের মধ্যে) :-

5x2=10

৪২। ‘মুকুট’ নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

অথবা

“উনি সকলের চেয়ে বড়ো জীব শিকার করে বেড়ান।”

(অ) কে একথা বলেছেন ? (আ) কার সম্পর্কে বলেছেন ? (ই) এরূপ বলার কারণ কি ?

৪৩। বিদ্যাপতি কোন্ শতাব্দীতে জন্মগ্রহণ করেন ? তিনি কোন্ রাজার পৃষ্ঠপোষকতা পান ? তাঁকে কী নামে অভিহিত করা হয় ? কোন্ পর্যায়ের পদে তিনি শ্রেষ্ঠ এবং কেন ?

অথবা

চর্যাপদের প্রধান দুইজন কবি সম্পর্কে আলোচনা করো।

VI. নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও (৬০ শব্দের মধ্যে) :-

3x2=6

৪৪। বিদ্যালয়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনের বর্ণনা দিয়ে বন্ধুকে পত্র লেখো।

৪৫। কোভিড মহামারী - একটি সংক্ষিপ্ত রিপোর্ট লেখো।